# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ঢাশিবো/বি/অ/৩৫/নরসিংদী/৫৮৪ তারিখ: ১৬/০৬/২০২২

বিষয়: মাহামান্য সুপ্রীম কোর্টের হাইকোট বিভাগের রীট পিটিশন নং ৫১৭৬/২০২১, তারিখ ০২/০৬/২০২২ এর আদেশের বিষয়ে বোর্ডের গৃহীত সিদ্ধান্ত অবহিত করণ প্রসঙ্গে।

সূত্র: ১. শিক্ষা মন্ত্রণালয়ের ২৪/১০/২০১৯ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.১৯৫
২. বোর্ডের ০৪/১১/২০১৯ তারিখের স্মারক নং ঢাশিবো/বি/অ/৩৫/নরসিংদী/১৬৭৯(৮)
৩. বোর্ডের ০৪/১১/২০১৯ তারিখের স্মারক নং ঢাশিবো/বি/অ/৩৫/নরসিংদী/১৬৮০(৮)
৪. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক ১৬-০৩-২০২০ তারিখের স্মারক নং- ৩৭.০৮.০০০০.৫০১১৬.০০২.২০.১০২ এর মাধ্যমে জেলা প্রশাসক, নরসিংদী বরাবর প্রেরিত পত্র।
৫. শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৬/২০১১ তারিখের স্মারক নং- শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬
৬. শিক্ষা মন্ত্রণালয়ের ১২/০৬/২০১৮ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.২৪৫
৭. শিক্ষা মন্ত্রণালয়ের ২৪/১০/২০১৯ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.১৯০
৮. জেলা শিক্ষা অফিসার এর কার্যালয় নরসিংদী ২৮/০১/২০২০ তারিখের স্মারক নং- জেশিঅ/নর:/২০/৪০/১০
৯. মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং-১৬৮৯/২০২০ তারিখ:-০৯/০৩/২০২০ এর আদেশ
১০. মাহামান্য সুপ্রীম কোর্টের অ্যাপিলিয়েট ডিভিশন কর্তৃক সিভিল পিটিশন নং-৬১৫/২০২০ তারিখ:-১৬/০৭/২০ এর আদেশ।
১১. প্রফেসর মো: মনোয়ার হোসেন,পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা কর্তৃক স্মারক নং-মাউশি/ ঢাঅ/সেসিপ/তদন্ত/২০১৭/৭৯৪ তারিখ: ০৮/০৮/২০১৯ এর মাধ্যমে প্রেরিত তদন্ত প্রতিবেদন।
১২. বোর্ডের ০৭/০১/২০২১ তারিখের স্মারক নং ঢাশিবো/বি/অ/৩৫/নরসিংদী/৪২০৪ (৭)
১৩. বোর্ডের ০৬/১০/২০২১ তারিখের স্মারক নং ঢাশিবো/বি/অ/৩৫/নরসিংদী/৫৪৭ (১০)
১৪. বোর্ডের ০৭/১২/২০২১ তারিখের স্মারক নং ঢাশিবো/বি/অ/৩৫/নরসিংদী/৮৭৫ (ক)(৭)
১৫. মাহামান্য সুপ্রীম কোর্টের হাইর্কোট বিভাগের রীট পিটিশন নং ৫১৭৬/২০২১, তারিখ ০২/০৬/২০২২ এর আদেশ।

উপর্যুক্ত বিষয় সূত্রের প্রেক্ষিতে, সূত্রোক্ত (১) নং ক্রমিকে উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক সূত্রোক্ত (৩) নং ক্রমিকে উল্লিখিত পত্রের মাধ্যমে "কোহিনুর জুট মিলস হাই স্কুল, ঘাগটিয়া" শাখার কার্যক্রম বন্ধ এবং উক্ত শাখার শিক্ষার্থীদের "কোহিনুর জুট মিল হাই স্কুল, গৌরীপুর" ক্যাম্পাসে একীভূতকরনের নির্দেশনা প্রদান করা হয়।

সর্বশেষ সূত্রোক্ত (১৪) নং ক্রমিকে উল্লিখিত পত্রের মাধ্যমে পত্রাংশের (১) ও (২) নং ক্রমিকে উল্লিখিত পত্রের নির্দেশনা অনুসরণ করে "কোহিনুর জুট মিলস হাই স্কুল ঘাগটিয়া, রায়পুরা, নরসিংদী" নামক অ-অনুমোদিত শাখার পাঠদান ও বিভিন্ন শ্রেণিতে ভর্তিসহ প্রাতিষ্ঠানিক শিক্ষার সকল কার্যক্রম পূণরায় বন্ধ ঘোষণা করা হলো। স্কুল স্থানান্তরের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক কোন প্রকার সিদ্ধান্ত গৃহীত না হওয়া পর্যন্ত বিদ্যালয়টি "কোহিনুর জুট মিল হাই স্কুল, গৌরীপুর, রায়পুরা, নরসিংদী (EIIN:112788)" নামে পরিচালিত হবে এবং প্রাতিষ্ঠানিক সকল শিক্ষা কার্যক্রম পরিচালনা করবে মর্মে পুনরায় পত্র প্রেরণ করা হয়।

সেক্ষেত্রে, বর্তমানে "কোহিনুর জুট মিল হাই স্কুল, গৌরীপুর, রায়পুরা, নরসিংদী (EIIN: 112788)" এর প্রাতিষ্ঠানিক কার্যক্রম বহাল রয়েছে।

বোর্ড কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানকে ব্যানবেইস কর্তৃক ০১ (এক) টি মাত্র EIIN নং প্রদান করা হয় এবং যা প্রতিষ্ঠান প্রধান ০১ (এক) টি গোপন পাসওয়ার্ড ব্যবহার করে বোর্ডের সাথে সম্পর্কিত প্রাতিষ্ঠানিক সকল কার্যক্রম পরিচালনা করেন। এরই ধারাবাহিকতায় প্রতিষ্ঠানে অধ্যয়নরত সকল শিক্ষার্থীর রেজিষ্ট্রেশনকরণ ও ফরম পূরণ সহ বোর্ডের নির্ধারিত পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ করে থাকে।

উল্লেখ্য যে, "কোহিনুর জুট মিলস হাই স্কুল ঘাগটিয়া, রায়পুরা, নরসিংদী" নামক অ-অনুমোদিত শাখার অধ্যায়নরত শিক্ষার্থীদের সূত্রোক্ত (১২), (১৩) ও (১৪) নং ক্রমিকে উল্লিখিত পত্রের মাধ্যমে বিভিন্ন দফায় ৮ম/২০২১, ৯ম ২০২০-২১ শিক্ষাবর্ষের রেজিষ্ট্রেশনকরণ এবং জেএসসি/২০২১, এসএসসি/২০২১ ও এসএসসি/২০২২ সনের বোর্ড কর্তৃক অনুষ্ঠিতব্য পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্তে ফরম পূরণ সহ অনলাইনের সকল কার্যক্রম "কোহিনুর জুট মিল হাই স্কুল, গৌরীপুর, রায়পুরা, নরসিংদী (EIIN: 112788)" এর মাধ্যমে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

"কোহিনুর জুট মিলস হাই স্কুল ঘাগটিয়া, রায়পুরা, নরসিংদী" নামক অ-অনুমোদিত প্রতিষ্ঠানটি বোর্ডের উক্ত নির্দেশনা কে অনুসরন করছে না। যা বোর্ডের আদেশ/ নির্দেশ অবমাননার সামিল।

মাহামান্য সুপ্রীম কোর্টের হাইর্কোট বিভাগের রীট পিটিশন নং ৫১৭৬/২০২১, তারিখ ০২/০৬/২০২২ এর আদেশ অনুসরন পূর্বক তা নিস্পত্তিকল্পে, যেহেতু সূত্রোক্ত (১), (২) ও (১৪) নং ক্রমিকে উল্লিখিত পত্রের নির্দেশনা মোতাবেক "কোহিনুর জুট মিলস হাই স্কুল ঘাগটিয়া, রায়পুরা, নরসিংদী" নামক প্রতিষ্ঠানটির বোর্ড কর্তৃক কোন অনুমোদন না থাকায় উক্ত অ-অনুমোদিত প্রতিষ্ঠানে অধ্যায়নরত শিক্ষার্থীদের অনলাইনের মাধ্যমে রেজিস্ট্রেশন এবং ফরম পূরণ করা তাদের ক্ষেত্রে অযোগ্যতা ( they are otherwise disqualified) হিসেবে বিবেচিত।

সেক্ষেত্রে আগামী ১৯/০৬/২০২২ তারিখে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষা/২০২২ এ "কোহিনুর জুট মিলস হাই স্কুল ঘাগটিয়া, রায়পুরা, নরসিংদী" নামক অ-অনুমোদিত প্রতিষ্ঠানটির অধ্যায়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন এবং ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণের কোন সুযোগ নেই।

সূত্রোক্ত (১৫) নং ক্রমিকে উল্লিখিত মাহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৫১৭৬/২০২১, তারিখ ০২/০৬/২০২২ এর রায়ের আলোকে নিস্পত্তিকল্পে বোর্ডের গৃহীত সিদ্বান্ত পত্র মারফত অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ
উপ বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক
ক) প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
কোহিনুর জুট মিল হাই স্কুল, গৌরীপুর, রায়পুরা, নরসিংদী
খ) জনাব আতিকুর রহমান, রীট পিটিশনার, (রীট পিটিশন নং ৫১৭৬/২০২১)
ঘাগটিয়া, রায়পুরা, নরসিংদী।

মেমো নং- ৫৮৪(১০) | তারিখঃ ১৬/০৬/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৪। জেলা প্রশাসক, নরসিংদী।
৫। পুলিশ কমিশনার, নরসিংদী।
৬। উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী।
৭। জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।
৮। ভরপ্রাপ্ত কর্মকর্তা, রায়পুরা থানা, নরসিংদী।
৯। পি.এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। অফিস কপি।

১৬/০৬/২০২২
উপ বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

১৬/০৬/২০২২